ইত্তেফাক

তারিখ 24/3/79

106

# ইসলামের অনুশাসন মানিয়া চলার আহ্বান

ফরিদপুর, ২০শে মার্চ (নিজস্ব সংবাদদাতা)—বাংলাদেশে নিযুক্ত সৌদী আরবের রাষ্ট্রদূত শেখ আবদুল হামিদ আল খতিব ব্যক্তিগত জীবনে সুখ ও সমৃদ্ধি আনয়নের উদ্দেশ্যে প্রত্যেক মুসলমানের ইসলামের অনুশাসন মানিয়া চলার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। রাষ্ট্রদূত শহরের গোয়াল চামটে অবস্থিত বায়তুল মোকাদ্দস মসজিদে জুম্মার নামাজের পর মুসল্লীদের এক সমাবেশে বক্তৃতা করেন। তিনি মসজিদে জুম্মার নামাজে ইমামতি করেন এবং নামাজের পর বায়তুল মোকাদ্দস মসজিদ ও ইসলামিক শিক্ষা কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। কয়েকমাস আগে সৌদী রাষ্ট্রদূত মসজিদ নির্মাণ কাজে ব্যয়ের জন্য ৭০ হাজার টাকা দান করেন।

রাষ্ট্রদূতের স্ত্রী বেগম মহসীনা হুমাদা আল খতিব স্থানীয় সরকারী বালিকা বিদ্যালয়ে এক মহিলা সমাবেশে বক্তৃতা করেন।

সকালে রাষ্ট্রদূত এখানে আগমন করিলে স্থানীয় জনসাধারণ ও প্রশাসকের পক্ষ হইতে তাঁহাকে আন্তরিক সাদর অভ্যর্থনা জ্ঞাপন করা হয়।